

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৬৫.২০১৭- ১১১

তারিখঃ ০৪ মাঘ ১৪২৪  
১৭ জানুয়ারি ২০১৮


বিষয় : রীট পিটিশন নং-১৮৮৫৯/২০১৭, [ পিটিশনার ১. শহীদজামান চৌধুরী, পিতা-মৃত-শামছুল হক চৌধুরী, ২. মোঃ আইয়ুব আলী মিয়া, পিতা-মৃত-ইয়াকুব আলী মিয়া, ৩. কুদ্দুস শেখ, পিতা-মৃত- শেখ সোনাউল্লাহ আলী, গ্রাম-তালমা, উপজেলা-নগরকান্দা, জেলা-ফরিদপুর - বনাম - সরকার ও অন্যান্য ] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ৩১.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৭.১২.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলার তালমা ঈদগাহ হতে তালমা বাজার ভায়া-কবির (তোতা মাষ্টার) বাড়ী পর্যন্ত সড়ক উন্নয়নের জন্য এলজিইডি কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলনে পিটিশনারের আবাসভূমি বিআরএস দাগের অংশবিশেষ অন্তর্ভুক্ত করার বিরুদ্ধে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৮ (আট) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে ভুক্ত প্রাক্কলন কেন অবৈধ ঘোষণা করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি রুল ইস্যুপূর্বক কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রীটে বর্ণিত সম্পত্তির ওপর ৩(তিন) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিবন্ধিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

প্রধান প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/ মাস্টার কপি।